# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 06-07-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জি ছিলেন, এক মহান দেশপ্রেমিক এবং ভারতবর্ষের অখন্ডতা রক্ষায় এক নিবেদিত প্রাণ।

ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জীর ১২৫ তম জন্মজয়ন্তীতে কলকাতার মিলন মেলা প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে এক ভিডিও বার্তায়, শ্রী মোদী বলেন, আধুনিক ভারত গঠনে তাঁর চিন্তাভাবনা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

২) ভারত কেশরীর ১২৫ তম জন্মজয়ন্তী উদযাপনে কেন্দ্রীয় সরকার, জাতীয় স্তরে দুবছরের কর্মসূচী গ্রহণ করেছে।

৩) শ্যামাপ্রসাদ মুখার্জীর অবদান কংগ্রেস ভুলিয়ে দেওয়ার চেষ্টা চালিয়েছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের অভিযোগ।

শ্যামাপ্রসাদ মুখার্জীর কীর্তি পাঠ্য পুস্তকে অন্তর্ভুক্ত করা হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। রাজ্যের বিভিন্ন প্রান্তে দিনটি যথোচিত মর্যাদায় উদযাপিত হচ্ছে।

৪) দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরের সূর্যপুরে নাবালিকাকে যৌন নির্যাতন ও খুনের ঘটনায় পুলিশ মূল অভিযুক্ত আনন্দ সরকারকে গ্রেপ্তার করেছে। ধৃত অন্য দুজনকে ১৪ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

এই ঘটনায় মুখ্যমন্ত্রী অভিযুক্তদের সর্বোচ্চ শাস্তির আশ্বাস দিয়েছেন।

৫) নিম্নচাপের প্রভাবে দক্ষিণবঙ্গের বেশকিছু জেলায় ভারি বৃষ্টির সতর্কতা। আগামীকাল থেকে উত্তরবঙ্গে বৃষ্টির তীব্রতা বাড়তে পারে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জি ছিলেন, এক মহান দেশপ্রেমিক এবং ভারতবর্ষের অখন্ডতা রক্ষায় এক নিবেদিত প্রাণ। ডক্টর মুখার্জীর ১২৫ তম জন্মজয়ন্তীতে কলকাতার বিশ্ববাংলা মেলা প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে দেওয়া ভিডিও বার্তায়, শ্রী মোদী বলেন, আধুনিক ভারত গঠনে ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জীর চিন্তাভাবনা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জীর ১২৫ তম জন্মজয়ন্তী উদযাপনে কেন্দ্রীয় সরকার, জাতীয় স্তরে দুবছরের কর্মসূচী গ্রহণ করেছে। গতবছর ৬ ই জুলাই থেকে শুরু হয়ে এই কর্মসূচী আগামী বছর ৬ ই জুলাই পর্যন্ত চলবে। প্রধানমন্ত্রী বলেন, ডক্টর মুখার্জীর জীবনযাত্রা এক গণ আন্দোলন সংগঠিত করার ভাবনাকে অনুপ্রেরণা যোগায়। রাজ্যে বিজেপি সরকার গঠন হওয়ার মধ্য দিয়ে পশ্চিমবঙ্গবাসী, এই মহান ব্যক্তিত্বের আদর্শকে সম্মানিত করার কাজে যুক্ত হয়েছেন। দেশের অখন্ডতা রক্ষায় শ্যামাপ্রসাদ মুখার্জীর ভূমিকাকে স্মরণ করেন প্রধানমন্ত্রী।

বাইট

আজকের অনুষ্ঠানে শ্যামাপ্রসাদের সঙ্গী বর্ষীয়ান নেতা মাখনলাল সরকার উপস্থিত ছিলেন। মঞ্চে তাঁকে সম্মানিত করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। অনুষ্ঠানে শ্রী শাহ বলেন, কংগ্রেস সরকার শ্যামাপ্রসাদ মুখার্জীর অবদানকে ভুলিয়ে দেওয়ার চেষ্টা

করেছিল। তাঁর স্বপ্নে সোনার বাংলা গড়ে তুলতে রাজ্যের বর্তমান সরকার কাজ চালিয়ে যাবে বলে শ্রী শাহ উল্লেখ করেন।

বাইট

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, শ্যামাপ্রসাদের জন্যই ভারতে শরণার্থী হিন্দুরা আশ্রয় পেয়েছেন। এই কঠিন সত্যকে স্বাধীনতার পর কংগ্রেস, পরে সিপিআইএম এবং পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকার ভুলিয়ে দিয়েছে বলে অভিযোগ করেন তিনি। শ্রী অধিকারী বলেন, ডক্টর মুখার্জীর এই অবদানকে কখনই সম্মান জানানো হয়নি। তাঁর কথা পাঠ্যপুস্তকেও অন্তর্ভুক্ত করা হয়নি বলে শ্রী অধিকারীর অভিযোগ।

বাইট

আগেই জানানো হয়েছে, রাজনীতিবিদ, শিক্ষাবিদ, ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জির ১২৫-তম জন্ম বার্ষিকী, আজ রাজ্য জুড়ে যথোচিত মর্যাদায় উদযাপিত হচ্ছে।

এর আগে শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মদিন পালন অনুষ্ঠানে যোগ দিতে আজ কলকাতায় আসেন স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সহ রাজ্য মন্ত্রিসভার সদস্য এবং বিজেপির রাজ্য নেতৃত্ব। নিউটাউনে ইকো পার্কে পৌঁছে শ্যামাপ্রসাদ মুখার্জির ১২৫ ফুট মূর্তি নির্মাণের জন্য ভূমি পুজোয় অংশ নেন তিনি। এরপর ভবানীপুরে শ্যামাপ্রসাদ মুখার্জির পৈতৃক বাসভবনে এক অনুষ্ঠানে শ্রী শাহ, মহান এই নেতার মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান।

আগেই জানানো হয়েছে, স্বাধীন ভারতের প্রথম শিল্পমন্ত্রী ও জনসংঘের প্রতিষ্ঠাতা শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মদিনে জেলা, মহকুমা, ব্লক ও পুরসভা স্তরে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। রাজ্য সরকারের পক্ষ থেকেও আজ ছুটি ঘোষণা করা হয়েছিল।

সকালে ভবানীপুরে মিত্র ইনস্টিটিউশনে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, পশ্চিমবঙ্গ গঠন, দেশপ্রেম এবং বিভিন্ন ক্ষেত্রে শ্যামাপ্রসাদ মুখার্জির অবদান, বর্তমান ও আগামী প্রজন্মের কাছে তুলে ধরতে বিজেপি সরকার প্রতিশ্রুতিবদ্ধ। বিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত পাঠ্যপুস্তকে এই ইতিহাস অন্তর্ভুক্ত হওয়া উচিত বলে মত প্রকাশ করেন মুখ্যমন্ত্রী।

পরে কলকাতার **মুরলীধর সেন লেনে** ভারতীয় জনতা পার্টির রাজ্য সদর দফতরে আয়োজিত অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, পশ্চিমবঙ্গের বর্তমান সরকার পরিচালিত হবে ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জির চিন্তাধারা এবং স্বামী প্রণবানন্দের আদর্শ অনুসরণ করে।

এই উপলক্ষ্যে সংস্কার ভারতী পশ্চিমবঙ্গ আয়োজিত এক অনুষ্ঠানে ezcc র অধিকর্তা ডক্টর আশীষ গিরি বলেন, শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় শুধুমাত্র একজন রাজনীতিবিদ ছিলেন না, বিশিষ্ট শিক্ষাবিদ হিসাবে মাতৃভাষায় শিক্ষার জোড়ালো সওয়াল করেছিলেন।

---------------------

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরের সূর্যপুরে নাবালিকাকে যৌন নির্যাতন ও খুনের ঘটনায় পুলিশ মূল অভিযুক্ত আনন্দ সরকারকে গ্রেপ্তার করেছে। এই নিয়ে এই ঘটনায় ধৃতের সংখ্যা বেড়ে হল তিন। আগেই গ্রেপ্তার হওয়া প্রভাস মন্ডল ও দিবাকর সর্দারকে ১৪ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। এই ঘটনায় আটক আরও তিনজন

ইতোমধ্যেই বারুইপুর পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপারের নেতৃত্বে গঠন করা হয়েছে বিশেষ তদন্তকারী দল সিট।

শান্তি বজায় রাখতে, বারুইপুর, নরেন্দ্রপুর এবং সোনারপুর থানা এলাকায় জারি করা হয়েছে ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ ধারা। ঘটনাস্থলে মোতায়েন রয়েছে, বিশাল পুলিশ বাহিনী।

বারুইপুরে নাবালিকা হত্যার ঘটনায় আইন হাতে তুলে নেওয়ার জন্যে ২০০ জনকে সনাক্ত করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। আজ কলকাতায় তিনি এই ঘটনার পর রাজনৈতিক ও সাম্প্রদায়িক ষড়যন্ত্রের ইঙ্গিত দিয়ে বলেন, নাবালিকাকে নির্যাতন ও খুনের মামলা ছাড়াও গণপিটুনিতে এক সন্দেহভাজনের মৃত্যু, পুলিশের উপর হামলা এবং রেললাইন অবরোধের ঘটনায় পৃথক মামলা দায়ের হয়েছে। তবে শিশুটির অত্যাচারের সঙ্গে যুক্ত কাউকেই রেয়াত করা হবে না বলে তিনি জানান।

বাইট

এদিকে, পক্সো আইনে মামলা রুজুর পাশাপাশি এই ঘটনায় গণধর্ষণ, খুন, তথ্য প্রমাণ লোপাট এবং অপহণের একাধিক ধারা যুক্ত করা হয়েছে।

তিনি আগামীকাল বারুইপুর গিয়ে নির্যাতিতার পরিবারের সঙ্গে দেখা করতে পারেন বলে সূত্রের খবর।

এদিকে, বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে নির্যাতিতার পরিবারের পাশে দাঁড়ানোর বার্তা দেওয়া হয়েছে। বিষয়টি নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের সঙ্গে কথা বলবেন বলে পানিহাটির বিধায়ক অভয়ার মা রত্না দেবনাথ জানিয়েছেন।

ঘটনার প্রতিবাদে তৃণমূল কংগ্রেস নেত্রী, প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে আজ কালিঘাটে মোমবাতি মিছিল বের হয়। হরিশ চ্যাটার্জী স্ট্রীট থেকে হাজরা মোড় হয়ে মিছিল ফিরে যায়। মমতা ব্যানার্জী ছাড়াও মিছিলে যুব সংগঠনের নেতা নেত্রী এবং অন্যরা উপস্থিত ছিলেন। একইসঙ্গে তৃণমূল কংগ্রেসের এক প্রতিনিধি দল আজ বারুইপুরে নির্যাতিতার বাড়িতে যায়। দলে ছিলেন বিমান বন্দ্যোপাধ্যায়, দোলা সেন এবং প্রতিমা মন্ডল।

এর আগে আজ সকালে সিপিআইএম-এর প্রতিনিধি দলও মৃতার বাড়ি গিয়ে পরিবারের পাশে থাকার আশ্বাস দেয়।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে এক প্রতিনিধি দলও আজ বারুইপুর যান।

অন্যদিকে, নাবালিকার দেহ উদ্ধারের পর তল্লাশি চালালে ঐ পুকুর থেকেই আরও এক ব্যক্তির মৃতদেহ মেলায় চাঞ্চল্য ছড়িয়েছে। কৃষ্ণকান্ত হালদার নামে ঐ ব্যক্তি গত শুক্রবার থেকে নিখোঁজ ছিলেন।

--------------------

ঝাড়খণ্ড ও সংলগ্ন উত্তর ওড়িশার অভ্যন্তরীণ এলাকার ওপর অবস্থানকারী নিম্নচাপটি ক্রমে পশ্চিম-উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হচ্ছে। এর প্রভাবে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা। দক্ষিণ ২৪ পরগনা, বাঁকুড়া, পুরুলিয়া, দুই বর্ধমান এবং বীরভূমে ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে।

উত্তরবঙ্গেও দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আগামীকাল, থেকে সেখানে বৃষ্টির তীব্রতা আরও বাড়বে।

গতকাল থেকে  মেঘলা আকাশ এবং কয়েক পশলা বৃষ্টি হওয়ায় আজ তাপমাত্রা বেশ কিছুটা কমেছে। আলিপুরে আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৯ ডিগ্রি সেলসিয়াস  স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে তিন ডিগ্রি কম।

--------------------

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আজ শিয়ালদহ–বারাসাত শাখায় নতুন এসি লোকাল ট্রেন চালু করেছে। যাত্রীদের সুবিধার্থে  ট্রেনটি বিধাননগর রোড, দমদম জংশন, দমদম ক্যান্টনমেন্ট, বিরাটি ও মধ্যমগ্রাম স্টেশনে থামবে। শিয়ালদা থেকে সকাল ১০ টা ৩৩ মিনিটে এবং ফিরতি পথে বারাসাত থেকে ট্রেনটি ১১ টা ২৯ মিনিটে  যাত্রা শুরু করবে বলে জানানো হয়েছে।

-------------------- --------------------